

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়  
ভোলা  
www.bhola.gov.bd  
গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি আরিফুজ্জামান, জেলা প্রশাসক, ভোলা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্জে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১১৬ ভোলা-২ (দৌলতখান ও বোরহানউদ্দিন) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোনো দিনে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান ও উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

  
১৫/১১/২০২৩

(আরিফুজ্জামান)

জেলা প্রশাসক, ভোলা

ও

রিটার্নিং অফিসার

১১৬ ভোলা-২ (দৌলতখান ও বোরহানউদ্দিন)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.১০.০৯০০.০০৫.৪০.০০১.২৩-১২৬৬


তারিখ:

৩০ কার্তিক ১৪৩০

১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৪। যুগ্ম সচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৭। পুলিশ সুপার, ভোলা
- ০৮। কোম্পানি কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-৮, বরিশাল
- ০৯। উপসচিব (নির্বাচন সহায়তা/নির্বাচন পরিচালনা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১০। জেলা নির্বাচন অফিসার, ভোলা
- ১২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, দৌলতখান /বোরহানউদ্দিন, ভোলা (গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ১৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ভোলা
- ১৪। জেলা তথ্য অফিসার, ভোলা (গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৫। উপজেলা নির্বাচন অফিসার, দৌলতখান /বোরহানউদ্দিন, ভোলা (গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ১৬। সহকারী সচিব, নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১/২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৭। অফিসার ইন-চার্জ, দৌলতখান /বোরহানউদ্দিন, ভোলা
- ১৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দৌলতখান /বোরহানউদ্দিন, ভোলা
- ১৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ভোলা
- ২০। নোটিশ বোর্ড .....কার্যালয়, ভোলা
- ২১। অফিস নথি

  
৩০/১০/২০২৩

(আরিফুরজ্জামান)  
জেলা প্রশাসক, ভোলা

ও

রিটার্নিং অফিসার

১১৬ ভোলা-২ (দৌলতখান ও বোরহানউদ্দিন)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন